# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮০৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তি সূরা ফাতিহা পাঠ করতে না পারলে কী বলবে তার বর্ণনা

## ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَعْمَلُ الْمُصَلِّي فِي قِيَامِهِ عِنْدَ عَدَمِ قِرَاءَةِ فَاتِحَةِ الْكِتَابِ

আরবী

1805 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ مِسْعَرِ بْنِ كِدَامٍ وَيَزِيدَ أَبِي خَالِدٍ عَنْ إِبْرَاهِيمَ ابن إِسْمَاعِيلَ السَّكْسَكِيِّ عَنِ ابْنِ أَبِي أَوْفَى: أَنَّ رَجُلًا قَالَ: يَا رَسُولَ اللَّهِ علِّمني شَيْئًا يُجْزِئُنِي عَنِ الْقُرْآنِ؟ قَالَ: (قُلْ: سُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ)

قَالَ سُفْيَانُ: أُرَاهُ قَالَ: (وَلَا حَوْلَ ولا قوة إلا بالله)

الراوي : ابْنِ أَبِي أَوْفَى | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1805 | خلاصة حكم المحدث: حسن ـ ((صفة الصلاة))، ((المشكاة)) (858)، ((الإرواء)) (303)، ((صحيح أبي داود)) (785).

قَالَ أَبُو حَاتِمٍ: يَزِيدُ أَبُو خَالِدٍ: هُوَ يَزِيدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الدَّالَانِيُّ أَبُو خَالِدٍ.

বাংলা

১৮০৫. ইবনু আবী আওফা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বললেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাকে এমন কিছু শিক্ষা দিন, যা আমার জন্য কুরআন পাঠ করার ক্ষেত্রে যথেষ্ট হবে।” জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তুমি বলো, سُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ (আমি আল্লাহর পবিত্রতা ঘোষনা করছি, সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা‘বূদ নেই, আল্লাহ সবচেয়ে বড়)।”

সুফিয়ান সাওরী রহিমাহুল্লাহ বলেন, আমার ধারণা তিনি আরো বলেছেন, وَلَا حَوْلَ ولا قوة إلا بالله (পাপ কাজ থেকে বিরত থাকার কোন ক্ষমতা নেই আল্লাহ ছাড়া এবং ভালো কাজ করার ক্ষমতা নেই আল্লাহ ছাড়া)।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লা বলেন, “ইয়াযিদ আবূ খালিদ হলেন ইয়াযিদ বিন আব্দুর রহমান আদ দুলাবী, আবূ খালিদ।”

## ফুটনোট

[1] হুমাইদী: ৭১৭; সহীহ ইবনু খুযাইমাহ: ৫৪৪; দারাকুতনী: ১/৩১৩; হাকিম: ১/২৪১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৭৪৭; মুসনাদ আহমাদ: ৪/৩৫৩; আবূ দাউদ: ৮৩২; দারাকুতনী: ১/৩১৪; সুনান বাইহাকী: ২/৩৮১; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬১০; নাসাঈ: ২/১৪৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাউদ : ৭৮৫)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবূ আওফা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91021

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন